

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪২১

১/ বিবিধ

আরবী

من أخذ على القرآن أجراً، فذاك حظه من القرآن  
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " (7/142) من طريق إسحاق بن العنبري: حدثنا  
عبد الوهاب الثقفي: حدثنا سفيان عن سهيل عن أبيه عن أبي هريرة قال: قال  
رسول الله صلى الله عليه وسلم وقال  
" غريب من حديث الثوري، تفرد به إسحاق  
قلت: قال الذهبي في " الضعفاء والمتروكين  
" كذاب "

ولذلك قال المناوي عقبه: " فكان ينبغي للمصنف حذفه من الكتاب  
يعني " الجامع الصغير " للسيوطي  
وبهذا الكذاب أعله في " التيسير

বাংলা

১৪২১। যে ব্যক্তি কুরআনের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ করবে, কুরআন থেকে তাই তার প্রাপ্য।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আবু নুয়াইম "আলহিলইয়াহ" গ্রন্থে (৭/১৪২) ইসহাক ইবনুল আযারী হতে, তিনি আব্দুল ওয়াহাব সাকাফী হতে, তিনি সুফইয়ান হতে, তিনি সুহায়েল হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা

করেছেন, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আবু নুয়াইম বলেনঃ সাওরীর হাদীস হতে এটি গারীব। এটিকে ইসহাক এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী "আযযুয়াফা অলমাতরুকাীন" গ্রন্থে বলেনঃ তিনি (ইসহাক) মিথ্যুক।

এ কারণেই মানবী হাদীসটির পরে বলেছেনঃ লেখকের উচিত ছিল হাদীসটিকে কিতাব থেকে বের করে দেয়া। অর্থাৎ "জামেউস সাগীর" গ্রন্থ থেকে। তিনি "আততায়সীর" গ্রন্থে এ মিথ্যুকের দ্বারাই হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72300>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন